

পাঠ মূল্যায়ন- ২, দশম শ্রেণি

বিষয়- অর্থনীতি,

পূর্ণমান- ১০০

- ক) অল্প কথায় উত্তর দাও - ৩০
- ১। মার্শালের অর্থনীতির সংজ্ঞা দাও।
 - ২। অ্যাডাম স্মিথ - এর বিখ্যাত বইটি কত সালে রচিত হয়?
 - ৩। "ভূমিবাদ"- মতবাদ প্রচার করে কারা?
 - ৪। বাণিজ্যবাদ কাকে বলে?
 - ৫। মিশ্র অর্থব্যবস্থা কাকে বলে?
 - ৬। সম্পদ হতে হলে কয়টি বৈশিষ্ট্য থাকতে হবে?
 - ৭। জাতীয় সম্পদ কী?
 - ৮। বিনিয়োগ কী?
 - ৯। যোগান কাকে বলে?
 - ১০। চাহিদা রেখা বলতে কী বুঝ?
 - ১১। শ্রমঘণ্টা কাকে বলে?
 - ১২। উদ্যোক্তা কী?
 - ১৩। উপযোগ সৃষ্টির প্রক্রিয়া কত প্রকার?
 - ১৪। শিল্প উন্নয়নের জন্য উৎপাদনের কোন উপকরণের গুরুত্ব বেশি?
 - ১৫। গড় উৎপাদনের সূত্রটি লিখ।
 - ১৬। অর্থনীতিতে বাজার কী?
 - ১৭। অলিগোপলি কোন ধরনের বাজার?
 - ১৮। মাথাপিছু আয় কী?
 - ১৯। নিট জাতীয় আয় বলতে কী বোঝায়?
 - ২০। সরকারি অর্থব্যবস্থা কাকে বলে?
 - ২১। আবগারি শুল্ক কী?
 - ২২। মূলধন বাজেট কাকে বলে?
 - ২৩। কোন কাজে নন-জুডিশিয়াল স্ট্যাম্প ব্যবহৃত হয়?
 - ২৪। ভূমি রাজস্ব কাকে বলে?
 - ২৫। সুষম বাজেটের সূত্রটি কী?
 - ২৬। অসম বাজেট কাকে বলে?
 - ২৭। চলতি বাজেট এবং মূলধন বাজেটের মধ্যে পার্থক্য কী?
 - ২৮। উন্নয়ন বাজেট কাকে বলে?
 - ২৯। কর রাজস্ব বলতে কী বোঝায়?
 - ৩০। মূল্য সংযোজন কর বলতে কী বোঝায়?

খ) সৃজনশীল প্রশ্নঃ ৭০

১। আলিম একজন শ্রমিক। সে একটি কারখানায় কাজ করেন। কারখানাটি নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী উৎপাদন করে। আলিম এই কারখানায় কাজ করে যে পরিমাণ বেতন পায়, তা দিয়ে তার পরিবারের দৈনন্দিন প্রয়োজন মেটায়।

ক) মৌলিক অর্থনৈতিক সমস্যা কয়টি?

খ) অর্থনৈতিক সমস্যা কেন সৃষ্টি হয়?

গ) আলিমের দৈনন্দিন জীবন-যাপন তোমার পাঠ্যপুস্তকের আলোকে লিখ।

ঘ) আলিমের দৈনন্দিন জীবন-যাপন পাঠ্যপুস্তকের আয়ের বৃত্তাকার প্রবাহের সমার্থক- তুমি কি এর সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

২। রাজুর পরিবার অত্যন্ড দরিদ্র। তার পরিবারের আয়তন যেমন বড়, তেমনি সম্পদের স্বল্পতাও বিদ্যমান। অভাব তার পরিবারের নিত্যসঙ্গী। সীমিত সম্পদের সাহায্যে অসীম অভাব পূরণ করতে গিয়ে তাকে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। একটি অভাব পূরণের সাথে সাথে নতুন আরেকটি অভাব দেখা দেয়।

ক) ভোক্তা কে?

খ) উৎপাদক বা ফার্ম বলতে কী বোঝায়?

গ) রাজুর উদাহরণের সাহায্যে অভাব নির্বাচন সমস্যা ব্যাখ্যা কর।

ঘ) রাজুর মতো অগণিত মানুষের অভাবের শেষ নাই- বিশ্লেষণ কর।

৩। সায়মা একজন নার্স। সে শহরের একটি হাসপাতালে শিশু ওয়ার্ডে কাজ করে। সে সারাদিন শিশুদের সান্নিধ্য বেশ উপভোগ করে। দিনের শেষে সে যখন বাড়ি ফিরে আসে, তখন তার দুই সন্ডান মিতা ও গীতাকে লালন-পালন ও দেখাশোনা করে।

ক) অর্থনৈতিক দ্রব্য কী?

খ) মালিকানার ভিত্তিতে সম্পদের শ্রেণিবিভাগ বুঝিয়ে লিখ।

গ) উদ্দীপকে বর্ণিত সায়মার পেশাটি কী অর্থনৈতিক কার্যাবলি? - ব্যাখ্যা কর।

ঘ) সায়মার সন্ডানের দেখাশোনা করা এবং হাসপাতালের শিশুদের দেখাশোনা করার মাঝে কোন পার্থক্য আছে কী? - মতামত দাও।

৪। হাসান একজন ছাত্র। সে প্রায়ই গল্পের বই কিনে থাকে। কিন্তু গত মাসে দোকানে গিয়ে তার নতুন একটি মোবাইল ফোন পছন্দ হওয়ায় সে গল্পের বই কেনা বাবদ ৫০০০ টাকা দিয়ে মোবাইল ফোন কিনেছে। ফলে তার গল্পের বই কিনে পড়ার সুযোগ ত্যাগ করতে হলো।

ক) অর্থনীতিতে সম্পদ কাকে বলে?

খ) অবাধলভ্য দ্রব্য ও অর্থনৈতিক দ্রব্যের পার্থক্য লিখ।

গ) হাসানের গল্পের বই কেনার পরিবর্তে মোবাইল কেনার ধারণাটি চিত্রসহ ব্যাখ্যা কর।

ঘ) "হাসানকে গল্পের বই পড়ার সুযোগ ত্যাগ করতে হলো"- উক্তির সাথে কোন ধারণাটি যুক্তিযুক্ত?

৫। তামান্না ও লুনা দশম শ্রেণিতে পড়ালেখা করে। লুনা তামান্নাকে বলে - "কোন দ্রব্যের চাহিদার তুলনায় যোগান বেশি হলে দাম কমে এবং চাহিদা বেশি হলে দাম বাড়ে"। তামান্না একমত প্রকাশ করে বললো- "এই দুই শক্তির পারস্পরিক প্রভাব সমান হলেই ভারসাম্য দাম নির্ধারিত হয়।"

- ক) উপযোগ কাকে বলে?
- খ) চাহিদা বিধিটি ব্যাখ্যা কর।
- গ) লুনার বক্তব্যটি চিত্রের সাহায্যে দেখাও।
- ঘ) তামান্নার বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর।

৬। সুরঞ্জ মিয়া পদ্মা পাড়ের জেলে। এখন পদ্মায় প্রচুর ইলিশ পাওয়া যায়। বাঁকে বাঁকে ধরা পড়ছে ইলিশ। তবুও সুরঞ্জের চোখে-মুখে হতাশার ছাপ। সে মধ্যস্বভোগীদের দৌরাতে ভাল দাম পায়না। সবুজ মিয়ার পরামর্শে সুরঞ্জ ইলিশ ঢাকায় নিয়ে যায় এবং ভাল দামে বিক্রয় করে।

- ক) উৎপাদন কাকে বলে?
- খ) ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি কী?
- গ) সুরঞ্জ মিয়ার কাজটি কোন ধরনের উৎপাদন সৃষ্টি করেছে?- ব্যাখ্যা কর।
- ঘ) তুমি কি মনে করো সুরঞ্জের সিদ্ধান্তটি সঠিক ছিলো?- মূল্যায়ণ কর।

৭। বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। দেশের সরকার বিভিন্ন পরিকল্পনা নিচ্ছে দেশটিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। সরকার প্রতি বছর বিভিন্ন খাতে প্রচুর ব্যয় বরাদ্দ রাখছে, যেমন- প্রতিরক্ষা, বিচার বিভাগ প্রভৃতি। কিন্তু বর্তমানকালে বিভিন্ন কারণে সরকারের ব্যয় বৃদ্ধি পাচ্ছে।

- ক) বাজেট কী?
- খ) রাজস্ব বাজেট ও মূলধনী বাজেট বলতে কী বোঝায়?
- গ) একটি দেশের সরকারের প্রধান প্রধান ব্যয়ের খাত সম্বন্ধে ব্যাখ্যা কর।
- ঘ) "বর্তমানকালে বাংলাদেশ সরকারের ব্যয় বৃদ্ধি পাচ্ছে"- উদ্দীপকের আলোকে তোমার মতামত ব্যক্ত কর।